গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পায়রা বন্দর কর্তৃপক্ষ
এমআইএস
www.ppa.gov.bd
কলাপাড়া, পটুয়াখালী

## ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | কমান্ডার মোহাম্মদ মাহমুদুল হাসান খান, বিএন<br>চীফ হাইড্রোগ্রাফার, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও ইনোভেশন অফিসার, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম। |
| সভার তারিখ | আগষ্ট ১৪, ২০২৩ ইং |
| সভার সময় | দুপুর ০২:৩০ ঘটিকা |
| স্থান | প্রশাসনিক ভবনের ৪র্থ তলা সভাকক্ষ, পায়রা বন্দর কর্তৃপক্ষে। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’-উপস্থিতি শিট |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাh©ক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ, পায়রা বন্দর কর্তৃপক্ষ, সভার প্রারম্ভে ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কার্যক্রম ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) অন্তর্ভুক্ত কর্মসম্পাদন সূচকের সার্বিক মূল্যায়নে ইনোভেশন কার্যক্রমের গুরুত্ব তুলে ধরেন এবং সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমে গতিশীলতা আনয়নে চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনার বিষয়টি সকলকে অবহিত করেন। ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কার্যক্রমের কর্মপরিকল্পনার বিপরীতে অর্জিত অগ্রগতি ও করণীয় বিষয়ে টিমের সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভার বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | [১.১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যুনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | ১. সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যুনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ, সভাকে জানান পায়রা বন্দর কর্তৃপক্ষ নিরাপত্তা বিভাগ কর্তৃক একটি উদ্ভাবনী ধারণার প্রস্তাব প্রেরণ করে। পায়রা বন্দর এলাকায় প্রবেশে অনলাইন ভিত্তিক “স্মার্ট এন্ট্রি সিস্টেম” ব্যবহার পায়রা বন্দর এলাকায় প্রশাসনিক ও অপারেশন কাজে বন্দরের কর্মকর্তা, কর্মচারী ও বন্দর ব্যবহারকারীগণ প্রতিনিয়ত বন্দর এলাকায় আগমণ/প্রস্থান করেন। অনলাইনে সিস্টেমে পায়রা বন্দরের স্থায়ী/অস্থায়ী আইডি কার্ড প্রদানের সামগ্রিক প্রক্রিয়া সহজীকরণের আলোচনা করা হয়।<br><br>২. সেবা/অফিস বাবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধায়ণা বাস্তবায়ন ১৬/০৩/২০২৪ এর মধ্যে করা হলে ১০০% অর্জন করা | পায়রা বন্দর কর্তৃপক্ষ এলাকায় প্রবেশে অনলাইন ভিত্তিক “স্মার্ট এক্সেস কন্ট্রোল সিস্টেম” ১৬/০৩/২০২৪ ইং তারিখে মধ্যে বাস্তবায়ন ও অর্থ ব্যয় করা হবে। | এমআইএস বিভাগ ও নিরাপত্তা বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | | যাবে এই বিষয়ে আলোচনা করা হয়।<br><br>৩. সহকারী প্রকৌশুলী (বিদ্যুৎ), বিদ্যুৎ বিভাগ, সভাকে জানান ২০২৪-২৫ অর্থ বছরে উদ্ভাবনী উদ্যোগ হিসেবে সোলার প্যানেল স্থাপন একটা উদ্ভাবনী উদ্যোগ হিসেবে প্রস্তাব করেন।<br><br>৪. সভার সদস্যগন রিকুইজিশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার ব্যবহার সম্পর্কে আলোচনা করে। জাহাজে পানি সরবরাহ করার জন্য ২৪ ঘন্টা আগে পানি সরবরাহ কারীকে জানাতে হবে।<br><br>৫. পাইলট সকলকে জানান জাহাজের তথ্য মেরিন এন্ড কনজারভেন্সি বিভাগ আপডেট করবে।<br><br>৬. রিকুইজিশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার ব্যবহার করা বিষয়ে প্রশিক্ষনের আয়োজনের করা এবং ভিডিও ইউজার ম্যানুয়াল তৈরি কার বিষয়ে আলোচনা করা হয়। | জাহাজের তথ্য মেরিন এন্ড কনজারভেন্সি বিভাগ আপডেট করবে।<br><br>সংশ্লিষ্ট বিভাগকে প্রশিক্ষণের মনোনয়র চেয়ে পত্র প্রেরণ করা হবে। | বিদ্যুৎ বিভাগ<br><br>এমআইএস বিভাগ |
| ২ | [২.১.১] ইতঃপূর্বে উদ্ভাবনী/সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যাহত রাখা | ১. ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা ডাটাবেজটি লজিক্যাল ও ফিজিক্যাল ডেটাবেইজ ডিজাইন, ওয়েবসাইট ডিজাইন, ডেটা আপলোড, ভিউ ডিজাইন, টেস্টিং ইত্যাদি কার্য সম্পন্ন করা হয়েছে। বেসরকারি সার্ভার হতে সরকারি সার্ভারে স্থানান্তর করা হয়েছে এবং পায়রা বন্দরের ওয়েবসাইটে ডেটাবেইজটি সংযুক্ত করা হয়েছে। | ইতঃপূর্বে উদ্ভাবনী সেবাসমূহ অব্যাহত রয়েছে এবং পায়রা বন্দরের ওয়েবসাইটে ডেটাবেইজটি সংযুক্ত করা হয়েছে। | এমআইএস বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | [৩.১.১] আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যাগ নির্বাচিত। | পায়রা বন্দর কর্তৃপক্ষের কোন আওতাধীন অফিসসমূহ বা দপ্তর/সংস্থা নেই। | পায়রা বন্দর কর্তৃপক্ষের কোন আওতাধীন অফিসসমূহ বা দপ্তর/সংস্থা নেই। | |
| ৪ | [৪.১.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | ২০২৩ সালের ই-নথি ও হার্ডনথি ব্যবহারের প্রতিবেদন পর্যালোচনায় পাবকের সার্বিক অগ্রগতি পরিলক্ষিত হয় এবং ই-নথির ব্যবহারে বিশেষত পাবকের সকল বিভাগের দ্রুত উন্নতির দিকটি উল্লেখ করা হয়। | সকল বিভাগকে ই-নথির মাধ্যমে নোট নিষ্পত্তি ৮০% করতে হবে। | সকল বিভাগ |
| ৫ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত (নিয়মিতভাবে) | তথ্য বাতায়ন হালনাগাদকরণ করা বিষয়ে উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ, সভাকে জানান যে পাবকের তথ্য বাতায়ন প্রতিনিয়ত হালনাগাদকরণ করা হয়ে থাকে এবং তথ্য বাতায়নের হালনাগাদকৃত ত্রৈমাসিক প্রতিবেদন (প্রমাণকসহ) নৌপরিবহণ মন্ত্রণালয়ে এবং এপিএ টিম বরাবর প্রেরণ করা হয়ে থাকে। | নিয়মিত পাবকের তথ্য বাতায়ন হালনাগাদকরণ করা হচ্ছে।<br><br>পাবকের তথ্য বাতায়নের হালনাগাদকৃত ত্রৈমাসিক প্রতিবেদন (প্রমাণকসহ) নৌপরিবহণ মন্ত্রণায়ল এবং এপিএ টিম বরাবর প্রেরণ করা হয়। | এমআইএস বিভাগ |
| | [৫.১.২] আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ | পায়রা বন্দর কর্তৃপক্ষের কোন আওতাধীন অফিসসমূহ বা দপ্তর/সংস্থা নেই। | | |
| ৬ | [৬.১.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজিত | ১. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজন করার বিষয়ে উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ, সভাকে জানান গ্রামীণফোণ ইনোভেশন ল্যাব পরিদর্শন করার জন্য গ্রামীণফোণ লিমিটেড-এর প্রতিনিধির সহিত আলোচনা চলমান আছে। পরিদর্শনের বিষয়ে সভার সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>২. গ্রামীণফোণ ইনোভেশন ল্যাব পরিদর্শন করা সময় পায়রা বন্দর কর্তৃপক্ষের লোগো এবং গ্রামীণফোনের লোগো বিশিষ্ট ব্যানার থাকবে। এগুলো ছবি তোলা হবে যা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার এর প্রমাণক হিসেবে উপস্থাপন করা যাবে। | ইনোভেশন টীম গ্রামীণফোণ ইনোভেশন ল্যাব পরিদর্শন সম্পন্ন করবে ও একটি প্রতিবেদন তৈরী করবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন টিম |

| | | | | |
|---|---|---|---|---|
| | [৬.১.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নকৃত | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের একটি গুরুত্বপূর্ণ ধাপ স্মার্ট পোর্ট নির্মাণ করা। এ লক্ষ্যে পায়রা বন্দরের জন্য প্রণীত মাস্টার প্ল্যানের স্মার্ট পোর্ট প্রতিবেদনের সাথে সংগতি রেখে পায়রা বন্দরকে স্মার্ট বন্দর হিসেবে গড়ে তোলার জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রনয়ণ করা হবে। | | |

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০১-০৯-২০২৩
কমান্ডার মোহাম্মদ মাহমুদুল হাসান খান, বিএন
চীফ হাইড্রোগ্রাফার, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও ইনোভেশন অফিসার, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম।

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১৮.২১.৭৮৬৬.০০৬.০৫.০০১.২০.২৬০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-পরিচালক (ব্রেক বাল্ক), পরিরহন বিভাগ, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও সদস্য, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম;
২। নির্বাহী প্রকৌশলী (জেটি), সিভিল বিভাগ, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও সদস্য, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম;
৩। পাইলট, মেরিন এন্ড কনজারভেন্সী বিভাগ, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও সদস্য, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম;
৪। যুগ্ম পরিকল্পনা প্রধান (অতিরিক্ত দায়িত্ব ), পরিকল্পনা বিভাগ, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও সদস্য, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম এবং
৫। সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), ইলেক্ট্রিক্যাল বিভাগ, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও সদস্য, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম।

০৩-০৯-২০২৩
মোহাম্মদ ছোয়াদরুল আমিন
উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও সদস্য সচিব, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Attendence Sheet_2023_08_14